দৈনিক
ইনকিলাব

তারিখ ... 17 APR 2009 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

*এইচএসসি-আলিম পরীক্ষা*

# প্রথম দিনে ৪ শিক্ষক ও ৪৫ পরীক্ষার্থী বহিষ্কার অনুপস্থিত ৫ সহস্রাধিক

**স্টাফ রিপোর্টার**

প্রচণ্ড গরম ও লোডশেডিংয়ের মধ্য দিয়ে গতকাল (বৃহস্পতিবার) শুরু হয়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম পাবলিক পরীক্ষা এইচএসসি, আলিম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা। প্রায় নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে সারাদেশের দশটি শিক্ষা বোর্ডের পরীক্ষা। প্রথম দিনে আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসিতে ইংরেজি ১মপত্র, মাদ্রাসা বোর্ডে

পৃঃ ১৫ কঃ ২

# এইচএসসি-আলিম পরীক্ষা

*প্রথম পৃষ্ঠার পর*

আলিমে কুরআন মাজীদ এবং কারিগরি বোর্ডে বাংলা চতুর্থ পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। এদিকে মাদ্রাসা বোর্ডের অধীনে ফাজিলে গতকাল অনুষ্ঠিত হয় উসূলুল কুরআন ওয়াল হাদীস প্রথমপত্র পরীক্ষা। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের হিসাব অনুযায়ী, দশটি শিক্ষা বোর্ডে প্রথমদিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৪৫ জন পরীক্ষার্থী। এর মধ্যে আটটি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৩৩ জন। এদের মধ্যে ঢাকা বোর্ডে বহিষ্কৃত শিক্ষার্থীর সংখ্যা ৪ জন, রাজশাহীতে ৫ জন, যশোরে ৬ জন, বরিশালে ৯ জন, কুমিল্লায় ১ জন, চট্টগ্রামে ৪ জন এবং দিনাজপুরে ৪ জন। সিলেট বোর্ডে কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার প্রথম দিনে বহিষ্কার হয়েছে ১১ জন পরীক্ষার্থী। দশ বোর্ডে প্রথম দিনে ৫ হাজার ৩৬৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২৪১ জন, রাজশাহীতে ৬৪৯ জন, যশোরে ৬৮২ জন, বরিশালে ২৪৫ জন, সিলেটে ২৩৯ জন, কুমিল্লায় ৪৮১ জন, চট্টগ্রামে ৪২৯ জন এবং দিনাজপুরে ৩৬১ জন। মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম পরীক্ষায় ৭৩০ জন এবং কারিগরি বোর্ডের এইচএসসি ভোকেশনাল পরীক্ষায় ২৬০ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এদিকে মাদ্রাসা বোর্ডে ফাজিলের পরীক্ষায় অনুপস্থিত ছিল ৪৮ জন পরীক্ষার্থী। এবারের পরীক্ষায় প্রথম দিনে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে ঢাকা বোর্ডে ৪ জন শিক্ষক বহিষ্কারের খবর পাওয়া গেছে।

গতকাল পরীক্ষার প্রথম দিনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এবং হাবিবুল্লাহ বাহার কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি এসময় পরিদর্শক, কেন্দ্র কর্মকর্তা, অভিভাবক ও পরীক্ষার্থীদের সাথে কথা বলেন। সাংবাদিকদের সাথে সাক্ষাৎকারে তিনি বলেন, এ পরীক্ষায় নকলসহ যে কোন অপতৎপরতা কঠোর হস্তে দমন করা হবে। তিনি পরীক্ষার্থীদের সুস্থতা ও সফলতা কামনা করে সারা দেশে শান্তিপূর্ণ পরিবেশে সম্পূর্ণ নকলমুক্ত পরীক্ষা গ্রহণে পরীক্ষার্থী, পরিদর্শক, অভিভাবক, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এবার দেশের ৭ হাজার ২০৭টি প্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা ১ হাজার ৯১৯টি কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। আটটি সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নিচ্ছে ৪ লাখ ৯৪ হাজার ৮৩৩ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৫৯ হাজার ৩৫৪ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৬৪ হাজার ১২১ পরীক্ষার্থী এবারের পরীক্ষায় অংশ নিচ্ছে। এছাড়া জেদ্দা, রিয়াদ, কাতার, আবুধাবী ও ত্রিপলীতে অবস্থিত ৫টি বিদেশী কেন্দ্র থেকে এবার ১৭০ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। মোট পরীক্ষার্থীদের মধ্যে ৫৫ দশমিক ১৭ শতাংশ ছাত্র ও ৪৪ দশমিক ৮৩ শতাংশ ছাত্রী।

পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়, জ্বালানি ও বিদ্যুৎ মন্ত্রণালয়, স্থানীয় জেলা প্রশাসন ও বিদ্যুৎ কর্তৃপক্ষ বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রতি বিশেষ নজর দিলেও লোডশেডিংয়ের প্রভাব থেকে অনেক জায়গা মুক্ত থাকেনি। দেশজুড়ে বিদ্যুৎ বিভ্রাটে গতকাল পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের দুর্ভোগ পোহাতে হয়েছে, এমনকি অনেক স্থানে পরীক্ষা কেন্দ্রে আলোর স্বল্পতার কারণে মোমবাতি জ্বালিয়ে পরীক্ষার্থীরা পরীক্ষা দিয়েছে বলেও খবর পাওয়া গেছে।

ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইংরেজি প্রথমপত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন শিক্ষক ও ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া এ বোর্ডে পরীক্ষায় অনুপস্থিত ছিল ১ হাজার ২৪১জন পরীক্ষার্থী।

আমাদের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া সব কেন্দ্রেই নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বরিশাল ব্যুরো অফিস জানায়, বোর্ডে গতকাল এইচএসসি পরীক্ষার প্রথমদিন শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশে সম্পন্ন হয়েছে। তবে বিদ্যুৎ বিভ্রাটে পরীক্ষার্থীদের ব্যাপক ভুগিয়েছে। প্রথম দিনে বরিশাল বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে ৯ জনকে বহিষ্কার করা হয়েছে। সিলেট ব্যুরো জানায়, সিলেট বোর্ডে এদিন কোন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়নি। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ২৩৯ জন।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার প্রথম দিনে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের অধীনে এদিন অনুপস্থিত ছিল ৬৪৯ জন।

যশোর ব্যুরো অফিস জানায়, যশোর বোর্ডে নকলের দায়ে ৬ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। বোর্ডের অধীনে এদিন অনুপস্থিত ছিল ৬৮২ জন। কুমিল্লা অফিস জানায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বোর্ডের অধীন পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৪৮১ জন।

দিনাজপুর অফিস জানায়, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া সব কেন্দ্রেই নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বোর্ডে গতকাল অনুপস্থিত ছিল ৩৬১ জন।

যশোর ব্যুরো জানায়, যশোর শিক্ষা বোর্ডের অধীন পরীক্ষার প্রথমদিনে ইংরেজি প্রথমপত্রে নকলের দায়ে যশোরে ১ জন, ঝিনাইদহে ২ জন ও বাগেরহাটে ১ জন মোট ৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১০ জেলায় ১৬৪টি কেন্দ্রে ৭১ হাজার ৯৭৯ জন পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের কথা ছিল। কিন্তু পরীক্ষা দিয়েছে ৭১ হাজার ২১৭ জন, অনুপস্থিত ছিল ৬৮১ জন পরীক্ষার্থী।

চবি রিপোর্টার জানান, চট্টগ্রাম বোর্ডে এইচএসসি পরীক্ষার প্রথমদিন ইংরেজি ১ম পত্র পরীক্ষায় ৪ জন নকলের দায়ে বহিষ্কৃত হয়েছে। মোট ৩৯ হাজার ৭৫২ জন শিক্ষার্থীর মধ্যে অনুপস্থিত ছিল ৪২৯ জন। চট্টগ্রামে লোহাগাড়া শাহ আমানত ডিগ্রী কলেজে ১ জন এবং নোয়াখালী কলেজে ১ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা পার্বত্য কলেজ কেন্দ্রে ১ জন এবং বান্দরবানে লামা মাতামুহুরী কলেজে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষার্থীরা জানায়, প্রশ্ন অনেক সহজ হয়েছে।

পাঁচবিবি (জয়পুরহাট) উপজেলা সংবাদদাতা জানান, পরীক্ষার প্রথমদিন নকল করার অভিযোগে ২ জন ছাত্র বহিষ্কার হয়েছে। সরকারী কলেজের কেন্দ্র হতে ২ জনকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়।